গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রশাসন শাখা

৩০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত স্ট্র্যাটেজিক কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক
সভার তারিখ	০৫ সেপ্টেম্বর, ২০২১খ্রি.
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য সহকারী পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

২। সহকারী পরিচালক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পাঠ করে শুনান। স্ট্র্যাটেজিক কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	**কার্যক্রম**	**০৫/০৯/২০২১ খ্রি: অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত**	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
২	বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মী বাহিনীকে মাদকের বিষয়ে সচেতন করতে হবে এবং কেউ মাদকাসক্ত হয়ে থাকলে সু-চিকিৎসার ব্যবস্থা করতে হবে;	১) পররাষ্ট্র মন্ত্রণালয়, ২) সুরক্ষা সেবা বিভাগ, ৩) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৪) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	এ বিষয়ে কয়টি সভা হয়েছে, বিদেশগামী কতজন কর্মীকে মাদকের কুফল সম্পর্কে অবহিত করা হয়েছে এবং কতজন মাদকাসক্তকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে সে লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণায় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/ নিরোধ শিক্ষা)।

৩	নিয়োগ বিজ্ঞপ্তিতে ও বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে ডোপ টেস্ট করার বিষয়টি নিশ্চিত করতে হবে। বিষয়টি তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচার করতে হবে।	১) জনপ্রশাসন মন্ত্রণালয়, ২) সুরক্ষা সেবা বিভাগ, ৩) বৈদেশিক কর্মস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, ৪) তথ্য মন্ত্রণালয়, ৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণায় এবং তথ্য মন্ত্রণালয়ে সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। তাছাড়া নতুন নিয়োগের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কতজন কর্মকর্তা-কর্মচারীর ডোপটেস্ট সম্পন্ন করা হয়েছে তার তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/ নিরোধ শিক্ষা)।
৪	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ দ্রুত সংশোধনের ব্যবস্থা নিতে হবে এবং মাদক অপরাধ বিচারের জন্য পৃথক আদালত স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	১) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ২) লেজিসলেটিভ বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৩) সুরক্ষা সেবা বিভাগ, ৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	মাদক অপরাধ বিচারের জন্য পৃথক আদালত গঠনের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন)।
৫	শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটির কার্যক্রম অব্যাহত থাকবে এবং সকালের এসেম্বলিতে মাদকবিরোধী শপথ বাক্য পাঠ নিশ্চিত করতে হবে।	১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। ২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।	বিশ্ববিদ্যালয় ভিত্তিক মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করতে হবে ও স্যোসাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে। কয়টি বিশ্ববিদ্যালয়ে এ ধরনের কার্যক্রম হয়েছে, কতগুলো শিক্ষা প্রতিষ্ঠানে শপথ বাক্য পাঠ হয়েছে, কোন শ্রেণীর কোন পাঠ্য বইয়ে মাদকের কুফল সম্পর্কিত লেখা অন্তর্ভূক্ত করা হয়েছে তার পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)।

৬	৬(ক) মাদকবিরোধী প্রচারে বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনকে আরো নিবিড়ভাবে সম্পৃক্ত করতে হবে। মাদক বিরোধী প্রচার কার্যক্রমকে জোরদারকরণে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে আরও কার্যকরভাবে সম্পৃক্ত করতে হবে। তাছাড়া মাদক পাচারের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণার্থে ভ্রাম্যমাণ আদালতে এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১) মন্ত্রিপরিষদ বিভাগ। ২) স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। ৩) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৪) সুরক্ষা সেবা বিভাগ, ৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	মাদকবিরোধী প্রচার কার্যক্রম আরো দৃশ্যমান/জোরালো করতে হবে এবং মাদক পাচারের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণার্থে ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা/ অপারেশনস)।
	৬(খ) তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি টিভি-রেডিও তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত টিভিসি গুলো কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা নিতে হবে।	১) মন্ত্রিপরিষদ বিভাগ। ২) স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। ৩) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৪) সুরক্ষা সেবা বিভাগ, ৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি টিভি-রেডিও তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত টিভিসি গুলো কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)।

৭	৭(ক) মাদকের বিরুদ্ধে সকল বাহিনীর স্ব স্ব অভিযানের পাশাপাশি সমন্বিত অভিযান অব্যাহত রাখতে হবে।	১) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ২) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৪) বিভাগীয় কমিশনার (সকল)।	মাদকের বিরুদ্ধে সকল বাহিনীর স্ব স্ব অভিযানের পাশাপাশি সমন্বিত অভিযান অব্যাহত রাখতে হবে। মাদক অপরাধের সাথে জড়িত মূল হোতাদের আইনের আওতায় আনতে হবে।	পরিচালক (অপারেশনস)।
	৭(খ) মাদকবিরোধী এনফোর্সমেন্ট কমিটি, কোর কমিটি ও টাস্কফোর্স এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে। কমিটিগুলোতে যথাযথ প্রতিনিধি প্রেরন নিশ্চিত করতে হবে	১) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ২) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৪) বিভাগীয় কমিশনার (সকল)।	মাদকবিরোধী এনফোর্সমেন্ট কমিটি, কোর কমিটি ও টাস্কফোর্স এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অপারেশনস)।
৮	৮(ক) মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স বাস্তবায়নে আধুনিক প্রযুক্তি নির্ভর কর্মীবাহিনী গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও লজিস্ট্রিক সুবিধাদি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) সুরক্ষা সেবা বিভাগ, ২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স বাস্তবায়নে আধুনিক প্রযুক্তি নির্ভর কর্মীবাহিনী গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও লজিস্ট্রিক সুবিধাদি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)।
	৮(খ) মাদক অপরাধ ও এর সাথে সম্পৃক্ত অপরাধ বিশ্লেষনে অধিদপ্তরে পূর্ণাঙ্গ আইটি ও ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	১) সুরক্ষা সেবা বিভাগ, ২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	মাদক অপরাধ ও এর সাথে সম্পৃক্ত অপরাধ বিশ্লেষনে অধিদপ্তরে পূর্ণাঙ্গ আইটি ও ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন/অপারেশনস)।

৯	ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকবিরোধী কার্যক্রম আরও জোরদারের লক্ষ্যে আরও ০২(দুই) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অধিদপ্তরে সংযুক্ত করতে হবে।	১) জনপ্রশাসন মন্ত্রণালয়, ২) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকবিরোধী কার্যক্রম আরও জোরদার করতে হবে।	পরিচালক (প্রশাসন)।
১০	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো যথাযথভাবে মনিটরিং করতে হবে। পাশাপাশি এসব নিরাময় কেন্দ্রে সরকারি অনুদান প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	যে সকল জেলায় নিরাময় কেন্দ্র নাই সে সকল জেলায় পিপিপি পদ্ধতিতে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করা যায় কিনা-তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। পাশাপাশি সকল নিরাময় কেন্দ্রে CCTV স্থাপন করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)।
১১	১১(ক) পররাষ্ট্র মন্ত্রণালয়কে মাদক অপরাধদমনে পাশ্ববর্তী দেশসমূহের সাথে কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি করতে হবে।	১) পররাষ্ট্র মন্ত্রণালয়। ২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মাদক অপরাধদমনে পাশ্ববর্তী দেশসমূহের সাথে কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অপারেশনস)।
	১১(খ) মাদক অপরাধদমনে বাংলাদেশ-ভারত-মিয়ানমার এর মধ্যে ত্রি-পক্ষীয় সভা করা যেতে পারে। পাশাপাশি ভারত ও মিয়ানমারের সাথে দ্বি-পাক্ষিক বৈঠক অব্যাহত রাখতে হবে।	১) পররাষ্ট্র মন্ত্রণালয়। ২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	মাদক অপরাধদমনে বাংলাদেশ-ভারত-মিয়ানমার এর মধ্যে ত্রি-পক্ষীয় সভা করা যেতে পারে। পাশাপাশি ভারত ও মিয়ানমারের সাথে দ্বি-পাক্ষিক বৈঠক অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অপারেশনস)।

১২	প্রণীত অ্যাকশন প্লান এর কর্মসূচিগুলো যথাসময়ে যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	প্রণীত অ্যাকশন প্লান এর কর্মসূচিগুলো সময়োপযোগী করে যথাসময়ে যথাযথ বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)।
১৩	প্রণীত অ্যাকশন প্লান অনুযায়ী মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য সারাদেশে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে ''মাদকের বিরুদ্ধে না'' বলার কর্মসূচি এর পরিবর্তে মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একই সময়ে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে ''মাদকের বিরুদ্ধে না'' বলার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। ২) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। ৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৫) বিভাগীয় কমিশনার (সকল)।	প্রণীত অ্যাকশন প্লান অনুযায়ী মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য সারাদেশে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে ''মাদকের বিরুদ্ধে না'' বলার কর্মসূচি এর পরিবর্তে মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একই সময়ে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে ''মাদকের বিরুদ্ধে না'' বলার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য গ্র্যান্ডর‌্যালী করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)।

৩। সভাপতি স্ব স্ব অবস্থানে থেকে সকলের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০৬.০০২.২১.১৯৮

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ), ।

২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৫) অতিরিক্ত পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, ।

৬) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ।

৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৮) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/, খুলনা।
৯) উপপরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ...।
১০) সহকারী পরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ...।
১১) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪) অফিস কপি ।

মোহাঃ জিললুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)